দৈনিক সংবাদ

তারিখ ... 13 AUG 1991

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

20

90

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিবিরের ঘেরাও প্রত্যাহার উপাচার্য মুক্ত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১২ই আগস্ট।—ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মী ও সিরাজুস সালেহীন বাহিনীর হাতে দীর্ঘ ১২ দিন অবরুদ্ধ থাকার পর আজ সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন ও তার পরিবারবর্গ মুক্তি পেয়েছেন। সশস্ত্র শিবির কর্মীরা গতকাল প্রেস রিলিজের মাধ্যমে ঘোষণা দিলেও আজ ভোরে উপাচার্যের বাসভবনের সামনে থেকে অবরোধ প্রত্যাহার করে চলে গেছে।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল আগামীকাল বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট ডেকেছে। এতকাল চাকসু ভবনে ছাত্রদল নেতা-কর্মীদের ওপর শিবিরের সশস্ত্র হামলার প্রতিবাদে এই ধর্মঘটের ডাক দিয়েছে। এছাড়া সন্ত্রাসী শিবির কর্মীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগও কাল বিকেল ৫টায় কেন্দ্রীয় শহীদ মিনারে এক ছাত্র-শিক্ষক-অভিভাবক সমাবেশ আহ্বান করেছে।

১২ দিন গৃহবন্দী থাকার পর উপাচার্য মুক্ত হয়েছেন খবর পাবার সঙ্গে সঙ্গে আজ ক্যাম্পাসে উপস্থিত হাজার হাজার ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মচারীরা আনন্দ উল্লাসে মেতে ওঠে। তারা দলে দলে উপাচার্য ভবনে গিয়ে উপাচার্য ও তার পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করেন। শতাধিক ছাত্রী উপাচার্য ও পরিবারের সদস্যদের ফুল দিয়ে অভিনন্দন জানায়।

উপাচার্য এ সময় দৃশ্যত বেশ আবেগাপ্লুত হয়ে পড়েন। ধরা গলায় তিনি বলেন, বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করতেই আমি বর্তমান অবস্থান নিয়েছি। কোনো দল বা ব্যক্তির বিরুদ্ধে আমার বলার তেমন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃপৃঃ ৮ কঃ ২

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃ উপাচার্য মুক্ত

(১ম পাতার পর)

কিছু নেই, তেমনি এখানে আমার কোনো ব্যক্তিগত কার্যসিদ্ধির প্রশ্ন জড়িত নেই। দৃঢ়কন্ঠে উপাচার্য বলেন, আমি মনে করি অযৌক্তিক দাবীর কাছে নতি স্বীকার করলে ভবিষ্যতে কারো পক্ষেই মসৃণভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসন চালানো সম্ভব হবে না।

এদিকে অবরোধ তুলে নিয়ে সশস্ত্র শিবির কর্মীরা বর্তমানে এফ রহমান হল ও আলাওল হলে গিয়ে উঠেছে।